গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাটোর সদর, নাটোর।

## জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৫ উদযাপন উপলক্ষ্যে

## প্রস্তুতিসভার কার্য বিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ আরিফ আদনান, উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর, নাটোর। |
| স্থান | ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, নাটোর সদর, নাটোর। |
| তারিখ | ঃ ১৮/১২/২০২৫ খ্রিঃ। |
| সময় | ঃ ৪.০০ টা। |

**উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর-কে শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.৪৬.০০১.২৫-৪১৬ তারিখ ০৯/১২/২০২৫ খ্রিস্টাব্দে স্বাক্ষরিত পরিপত্রটি পাঠ করে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপস্থিত সদস্যবৃন্দের সাথে আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হল:

১. কর্মসূচী বাস্তবায়ন : দেশের প্রতিটি মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদরাসার শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শিক্ষক, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধানগণের স্ব-স্ব ক্ষেত্রে অবদানের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত কর্মসূচী গ্রহণের জন্য সভাপতিসহ সকল সদস্য শিক্ষা মন্ত্রণালয়ের এই কর্মসূচীকে স্বাগত জানান। উপজেলা পর্যায়ে এই কর্মসূচী সফলভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় নির্দেশনা দানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়।

২. যাচাই বাছাই কার্যক্রম: শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান, উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষক, শিক্ষার্থী-শিক্ষা প্রতিষ্ঠান বাছাই সকল কার্যক্রম সুচারুভাবে পরিচালিত হতে হবে। এ ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠান ও উপজেলা যাচাই বাছাই কমিটিকে নীতিমালা অনুযায়ী যথাযথভাবে যাচাই বাছাই কার্যক্রম সম্পন্ন করে নীতিমালা অনুযায়ী প্রতিষ্ঠান থেকে ০৪(চার)টি গ্রুপে বিভিন্ন ক্যাটাগরিতে নিম্নে উল্লেখিত পর্যায় অনুযায়ী প্রতিযোগিতার ফলাফলে নির্বাচিত শিক্ষার্থী, শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠানের নাম আগামী ০৪/০১/২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ নিশ্চিত করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ জানানো হয়। নিম্নে প্রতিযোগিতার বিভিন্ন পর্যায় ও বিষয় উল্লেখ করা হল:

পর্যায়-১: "গ্রুপ-ক"=৬ষ্ঠ-৮ম শ্রেণি, "গ্রুপ-খ"=৯ম-১০ম শ্রেণি, "গ্রুপ-গ"=একাদশ-দ্বাদশ ও "গ্রুপ-ঘ"=১৩শ-১৫শ শ্রেণি বা সমপর্যায়। প্রতিযোগিতার বিষয় : (১) কেরাত, (২) হামদ (৩) নাত, (৪) বাংলা রচনা প্রতিযোগিতা(বিষয় অনির্ধারিত/তাৎক্ষণিক, সময়-৩০ মিঃ), (৫) ইংরেজী রচনা প্রতিযোগিতা: (বিষয়: অনির্ধারিত সময়-৩০ মিনিট (৬) ইংরেজী বক্তৃতা প্রতিযোগিতা (৭) বাংলা কবিতা আবৃত্তি (৮) উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা(একক), (৯) দেশাত্মবোধক গান (১০) রবীন্দ্রসংগীত, (১১) নজরুলসংগীত (১২) উচ্চাঙ্গসংগীত (১৩) লোকসংগীত (ভাওয়াইয়া,ভাটিয়ালী,পল্লীগীতি,লালনগীতি) (১৪) জারীগান (দলভিত্তিক) (১৫) নির্ধারিত বক্তৃতা: বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্য/বাংলাদেশ উন্নয়ন ভাবনা/শিক্ষা:) (১৬) নৃত্য (উচ্চাঙ্গ) (১৭) লোক নৃত্য (১৮) তাৎক্ষণিক অভিনয় (১৯) দেয়াল পত্রিকা। প্রতিটি বিষয়ে একজন করে শ্রেষ্ঠ শিক্ষার্থী মনোনীত হবে।

পর্যায়-২: স্কাউট, গার্ল গাইডস, রোভার, রেঞ্জার, বিএনসিসি (তিনটি ক্যাটাগরি- শিক্ষার্থী, শিক্ষক, গ্রুপ)।
মনোনয়নের বিষয় : (১) শ্রেষ্ঠ স্কাউট, (২) শ্রেষ্ঠ গার্ল গাইডস, (৩) শ্রেষ্ঠ রোভার, (৪) শ্রেষ্ঠ রেঞ্জার, (৫) শ্রেষ্ঠ বিএনসিসি
(১) শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক, (২) শ্রেষ্ঠ গার্ল গাইডস শিক্ষক, (৩) শ্রেষ্ঠ রোভার শিক্ষক, (৪) শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক, (৫) শ্রেষ্ঠ বিএনসিসি শিক্ষক
(১) শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ, (২) শ্রেষ্ঠ গার্ল গাইডস গ্রুপ, (৩) শ্রেষ্ঠ রোভার গ্রুপ, (৪) শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ, (৫) শ্রেষ্ঠ বিএনসিসি গ্রুপ

পর্যায়-৩: শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক।

নির্বাচিত শিক্ষার্থী ও শ্রেণি শিক্ষক এর জীবন বৃত্তান্ত সহ সকল তথ্যাদি-০৪/০১/২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে স্ব-স্ব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ করতে হবে।

০৮/০১/২০২৬

৩. সময়সূচী ও স্থান নির্বাচন : উপজেলা পর্যায়ের সকল গ্রুপের সকল ইভেন্টের প্রতিযোগিতা আগামী ০৮/০১/২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে নববিধান উচ্চ বালিকা বিদ্যালয়, নাটোর সদর, নাটোর-এ অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। অনুষ্ঠানটি সুন্দরভাবে পরিচালনাসহ সার্বিক দায়িত্ব পালনের জন্য সদস্য সচিবকে অত্র সভায় অনুরোধ জানানো হয়।

৪. বিচারক মন্ডলী নির্ধারণ: পর্যায়-১ঃ কেরাত, হামদ, নাত (১) মোঃ তরিকুল ইসলাম, গবেষণা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, নাটোর ও (২) মোঃ নাজমুল ইসলাম, উপজেলা আইসিটি অফিসার, নাটোর সদর, নাটোর (৩) মোঃ মিজানুর রহমান, সহকারী শিক্ষক, পূর্ব হাগুড়িয়া বতক এবতেদায়ী মাদ্রাসা, নাটোর সদর, নাটোর।
পর্যায়-৩ঃ সকল প্রকার সংগীত ও নৃত্য (দেশাত্মবোধক গান, রবীন্দ্র সঙ্গীত, নজরুল সঙ্গীত, উচ্চাঙ্গ সঙ্গীত, লোক সঙ্গীত(ভাওয়াইয়া, ভাটিয়ালি, পল্লীগীতি, লালনগীতি), জারী গান(দলভিত্তিক), নৃত্য(উচ্চাঙ্গ), লোকনৃত্য- ১) মাসুমা সুলতানা রুপা, প্রভাষক মহারাজা জে.এন স্কুল এন্ড কলেজ ২) সায়মা আলী ক্ষমা, বনলতা বালিকা উচ্চ বিদ্যালয় ৩) সাদিকুল ইসলাম সাদিক কালেক্টরেট পাবলিকস্কুল এন্ড

পর্যায়-৪ঃ বাংলা রচনা, বাংলা কবিতা আবৃত্তি, ইংরেজী রচনা প্রতিযোগিতা, ইংরেজী বক্তব্য প্রতিযোগিতা ও বিতর্ক প্রতিযোগিতা (একক)- ১) শিশির বিশ্বাস, সহকারী শিক্ষক, বড়বাড়ীয়া উচ্চ বিদ্যালয়,নাটোর সদর, নাটোর ২) মোঃ আব্দুল লতিফ শেখ,সহকারী পরিদর্শক জেলা শিক্ষা অফিস, নাটোর ও ৩) মোঃ আবুল হাসনাত হিরা, উপজেলা একাডেমিক সুপারভাইজার, নাটোর সদর, নাটোর।

পর্যায়-৪ঃ শ্রেষ্ঠ প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান, শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক, শ্রেষ্ঠ শিক্ষার্থী ।
বিচারক ১) জাব্দুস সবুর, সহকারী পরিদর্শক জেলা শিক্ষা অফিস, নাটোর ২) মোঃ সাইফুল ইসলাম সহকারী পরিদর্শক জেলা শিক্ষা অফিস, নাটোর ৩) মঞ্জিরা খাতুন, উপজেলা সমবায় অফিসার নাটোর সদর, নাটোর ৪) মোঃ আবুল হাসনাত হিরা, উপজেলা একাডেমিক সুপারভাইজার, নাটোর সদর, নাটোর।

পর্যায়-৫ঃ শ্রেষ্ঠ স্কাউট, ২)শ্রেষ্ঠ গার্লস গাইডস ৩)শ্রেষ্ঠ রোভার ৪) শ্রেষ্ঠ রেঞ্জার ৫) শ্রেষ্ঠ বি.এন.সি.সি ৬) শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ ৭) শ্রেষ্ঠ গার্ল গাইডস গ্রুপ ৮) শ্রেষ্ঠ রোভার গ্রুপ ৯) শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ ১০) শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ ১১) শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক ১২) শ্রেষ্ঠ গার্ল গাইডস শিক্ষক ১৩) শ্রেষ্ঠ রোভার শিক্ষক ১৪) শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক ১৫) শ্রেষ্ঠ বি.এন.সি.সি শিক্ষক ।
বিচারক. ১) এস.এম গোলাম মহি উদ্দীন, সম্পাদক জেলা স্কাউট নাটোর ২) জনাব মোঃ আবুল হসনাত হিরা, উপজেলা একাডেমিক সুপারভাইজার, নাটোর সদর, নাটোর ৩) জনাব সিরাজুল ইসলাম, সম্পাদক উপজেলা স্কাউট, নাটোর সদর, নাটোর ।

প্যানেলভুক্ত বিচারকমন্ডলী নির্ধারিত বিষয়ের বিচারকার্য সম্পন্ন করে শ্রেষ্ঠ প্রতিযোগী শিক্ষার্থী মনোনীত করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৫. জেলা পর্যায়ে অংশগ্রহণ নিশ্চিতকরণঃ উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিযোগিদের জেলা পর্যায়ে অংশগ্রহণ নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদস্য সচিবকে অত্র সভায় অনুরোধ জানানো হয়।

৬. জেলা তথ্য অফিসার, নাটোর কে ২ (দুই) সেট সাউন্ড সিস্টেম ও জেলা কালচারাল অফিসার, নাটোর কে ২ (দুই) সেট সংগীত সরঞ্জামাদি আগামি ০৮/০১/২০২৬ খ্রি.তারিখ সকাল ৯.০০ টায় নববিধান উচ্চ বালিকা বিদ্যালয়, নাটোর সদর, নাটোরে সরবরাহ করার জন্য অনুরোধ করা হয়।

৭. ফলাফল ঘোষনা: আগামী ০৮/০১/২০২৬ খ্রিঃ তারিখে বিচারিক কার্যক্রম শেষে ফলাফল ঘোষনা করা হবে।

সরকারের এই কার্যক্রমের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষার প্রতিটি স্তরে যোগ্য, মেধাবী শিক্ষক ও শিক্ষার্থী এবং শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করে পুরস্কৃত করার মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন সম্ভব হবে বলে সদস্যবৃন্দ আশাবাদ ব্যক্ত করেন। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮.১২.২৫

(মোঃ আরিফ আদনান)
সভাপতি
জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ উদযাপন
উপজেলা কমিটি, নাটোর সদর, নাটোর
ও
উপজেলা নির্বাহী অফিসার,
নাটোর সদর, নাটোর।

স্মারক নং- উঃমাঃশিঃঅ/নাট-সঃ/৭৬২(৪)

তারিখঃ ১৮/১২/২০২৫খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। জেলা প্রশাসক, নাটোর।
২ : : অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, ........................................................................................।
৩। জনাব ........................................................................................................................।
৪। অফিস নথি।

Nazni 18.12.25

(মোসাঃ নাজনীন সুলতানা)
সদস্য সচিব
জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ উদযাপন
উপজেলা কমিটি, নাটোর সদর, নাটোর
ও
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
নাটোর সদর, নাটোর।